



উম্মাহর জন্য কিছু করুন

মুহাম্মদ ফারিস



গত কিছুদিন যাবত আমি বেশ কিছু TED Talk দেখলাম যা বিখ্যাত ব্যক্তিত্ব ও নেতাদের পরিচয় করিয়ে দেয় যারা তাদের জীবন উৎসর্গ করেছেন কোন একটি লক্ষ্য অর্জনের জন্য এবং তাতে সফল হয়েছেন। তাঁদের কাজ যে খুব পরিচিত বা সুনাম-খ্যাতির অধিকারী এমন নয় বরং ওই ব্যক্তিদের অধ্যবসায়, আন্তরিকতা আর কঠোর পরিশ্রম সত্যিই মানুষের জীবনে প্রভাব ফেলেছিল, অন্তত একজন মানুষের জীবনে হলেও।

আমাদের বর্তমান জীবনের প্রতি আমাদের আন্তরিকভাবে দৃষ্টিপাত করা উচিত এবং নিজেদের জিজ্ঞাসা করা উচিত এই উম্মাহর জন্য আমরা কি করছি? কিভাবে আমরা এই উম্মাহকে সাহায্য করছি? কেন মানুষ আমাদের মনে রাখবে? কিভাবে আমরা আমাদের সময়, দক্ষতা, মেধা, সৃজনশীলতা ও শক্তিকে আল্লাহ তায়ালার জন্য কাজে লাগাতে পারি এবং তাঁর বান্দাদের সেবায় লাগাতে পারি?

আপনাদের প্রত্যেকেই কিছু না কিছু করুন, নতুন কিছু তৈরি করুন, উম্মাহর উন্নয়নে কাজ করুন আবার আপনার ভালো কাজের পরিমাণ বাড়ান, ইনশাআল্লাহ।

অনেক অলস ও কর্মবিমুখ সময় পার হয়েছে, বসে থেকেছেন কাজটা অন্য কেউ করে দিবে বলে! বরং উঠে দাঁড়ান এবং কিছু একটা করুন। ওয়েবসাইট তৈরি করুন, সচেতনতা বৃদ্ধি করুন, কোন প্রোডাক্ট তৈরি করুন, প্রোগ্রাম, কনফারেন্স প্লান করুন কিংবা কিভাবে ফাণ্ড বৃদ্ধি করা যায় সেটা নিয়ে কাজ করুন।

আমরাই সর্বোত্তম জাতি। আমরা হলাম মুহাম্মাদ (সাঃ) এর উম্মাত। এখনি সময় জেগে উঠার। আমাদের উন্মেষ তখনি হবে যখন আমাদের প্রত্যেকে উঠে দাঁড়াবে এবং ইসলামের জন্য কিছু করবে। কোথেকে শুরু করা যায়???

৪টি ধাপ আপনাকে শুরু করতে সাহায্য করবে। এই ধাপগুলো খুবই সহজ কিন্তু আপনাকে সময় নিয়ে গভীরভাবে ভাবতে হবে। যখনই আপনি স্বচ্ছ ধারণা লাভ করবেন আপনি কী করতে যাচ্ছেন, ইস্তিখারা করুন এবং কাজ শুরু করুন।

১। বসুন; প্রয়োজনে একাধিকবার বসুন এবং চিন্তা করে কাগজে লিখুন আপনি কোন ব্যাপারে উৎসাহী, আপনি কি করতে ভালবাসেন আর আপনি কোন বিষয়ে দক্ষ।

২। আপনি যা করতে ভালবাসেন তা কিভাবে উম্মাহর বা মানবতার কাজে লাগাতে পারেন তা নির্ণয় করুন। বড়কিছু চিন্তা করুন! যেমন আপনি আপনার এলাকার জন্য একটা উদ্যোগ নিতে চান, এটাকে শুধু আপনার আশেপাশে সীমাবদ্ধ রাখলেই হবে না। স্বপ্ন দেখুন যে আপনার এই উদ্যোগ সারা দেশেই বাস্তবায়িত হবে আল্লাহর ইচ্ছায়। সুতরাং বড় কিছু চিন্তা করতে ভয় পাবেন না। ছোট ছোট পদক্ষেপের মাধ্যমে আপনার লক্ষ্যে পৌছান।

৩। অন্যদেরকে জানান। আপনার কিছু বন্ধু বা পরিবারের সদস্যদের সাথে শেয়ার করুন। আশাহত হবেন না যদি কেউই আপনার আইডিয়া পছন্দ না করে। যদি আপনি এটাতে বিশ্বাস করেন তবে একাকী হলেও কাজ শুরু করুন আর চালিয়ে যান। আল্লাহ তায়ালা সঠিক লোক পাঠাবেন আপনার কাজে এবং সাহায্য করবেন ইনশাআল্লাহ।

৪। কাজে নেমে পড়ুন। কী জন্য বসে থাকবেন? ডোমেইন রেজিস্ট্রেশন করুন, দাতব্য সংস্থাগুলোকে ফোন করুন, ইমেইল পাঠান, এমন সব কিছুই করুন যা আপনার কাজকে এগিয়ে নিবে। বসে থাকবেন না!

সবশেষে, বহু বছর যাবত আল্লাহর কাছে আমার দুআ ছিল তাঁর দ্বীনের কাজে লাগার। কখনো কখনো আমি মনে করি এই দুআর জবাব আল্লাহর আশীর্বাদপুষ্ট এই ProductiveMuslim.com ওয়েবসাইটটি। আমি আশা করি আপনাদের অনেকেই এই ওয়েবসাইট থেকে অনুপ্রাণিত হয়ে এমন কিছু উদ্যোগ নিবেন যা এই উম্মাহর কর্মক্ষমতা বাড়িয়ে দিবে এবং আপনাদের প্রত্যেকেই এই উম্মাহর জন্য কিছু করবেন।

উম্মাহর জন্য কি আপনি কোন উদ্যোগ হাতে নিয়েছেন? যদি নিয়ে থাকেন নিচে আমাদের সাথে শেয়ার করুন।

সূত্রঃ ProductiveMuslim.com



মুহাম্মদ ফারিস

মুহাম্মদ ফারিস, আবু প্রোডাক্টিভ নামে খ্যাত। ProductiveMuslim.com এর প্রতিষ্ঠাতা।